গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৮.১৬.১১৪.১৩। ৪

তারিখঃ ০৮/০৯/২০১৫খ্রিঃ

বিষয় ঃ ২০১৫-২০১৬ ভিজিডি চক্রে চুক্তিবদ্ধ এনজিও'র চুক্তি অনুযায়ী কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচির আওতায় ২০১৫-২০১৬ চক্রে উপকারভোগী মহিলাদের প্রশিক্ষণ প্যাকেজ সেবা প্রদানের জন্য গত ২৬/০২/২০১৫খ্রিঃ তারিখে ২৫০টি এনজিও'র সাথে চুক্তি সম্পাদিত হয়। সম্পাদিত চুক্তির মেয়াদকাল মার্চ ২০১৫ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত (২২ মাস)। ভিজিডি কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য সফলভাবে বাস্তবায়নের নিমিত্তে চুক্তির শর্তানুযায়ী নিম্নোক্ত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

নির্দেশনাবলী ঃ

- এনজিও প্রশিক্ষকদের অবশ্যই কমপক্ষে স্নাতক ডিগ্রী থাকতে হবে।
- যোগ্য প্রশিক্ষকদের অবশ্যই প্রশিক্ষণ পরিচালনায় তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- প্রশিক্ষক নিয়োগে চুক্তির শর্তাবলীর অন্যান্য যোগ্যতা অনুসৃত হবে।
- ভিজিডি কার্যক্রমের সন্তোষজনক মূল্যায়নের ভিত্তিতে বার্ষিক তিন কিস্তিতে (চার মাসে) সার্ভিস চার্জ পরিশোধ করা হবে।
- এনজিওর কার্যক্রম সন্তোষজনক প্রমানিত না হলে সার্ভিস চার্জ প্রদান করা হবে না। এক্ষেত্রে এনজিও'র কোন আপত্তি গ্রহনযোগ্য হিসেবে গন্য হবে না।
- এনজিও কর্তৃক নিয়োগকৃত কর্মীদের জীবনবৃত্তান্ত ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ১ম শ্রেনীর সরকারী কর্মকর্তা কর্তৃক নামাংকিত সীলসহ সত্যায়িত করতঃ জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর জমা নিশ্চিত করতে হবে।
- প্রতিটি কর্মএলাকায় এনজিওর নিজস্ব অফিস থাকতে হবে।
- এনজিওর প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদানে সরকারী ও বেসরকারী অভিজ্ঞ কর্মকর্তার মাধ্যমে ৫ (পাঁচ) দিনের (TOT) প্রদান করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- শতভাগ ভিজিডি মহিলাকে সচেতনতা বৃদ্ধিমূলক ও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করতে হবে।
- সঞ্চয় ও প্রশিক্ষণ কার্যক্রম সমান গুরুত্ব প্রদান করতে হবে সন্তোষজনক পারফরমেন্স এর ক্ষেত্রে উভয় কার্যক্রম শতভাগ হতে হবে।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে চুক্তিবদ্ধ এনজিওকে অবিলম্বে উপরোক্ত বিষয়সহ চুক্তিপত্রের অন্যান্য শর্তাবলী যথাযথ প্রতিপালন পূর্বক কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। অন্যথায় তার চুক্তি বাতিল করার বিষয়ে ব্যবস্থা গ্রহন করা হবে।

বিঃ দ্রঃ উল্লেখিত নির্দেশনা পালনে ব্যর্থ হলে তাদের পারফরমেন্স মূল্যায়নে নেতিবাচক প্রভাব পড়বে।

৮/৯/১৫

(এ,বি,এম জাকির হোসাইন)
পরিচালক (যুগ্ম সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
☎ঃ ৯৩৩৬০৬৩।

প্রাপক

১। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
.......................................।

২। নির্বাহী পরিচালক
....................................................।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ঃ ........................, জেলা ঃ ................................।
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,.......................................।
৩। অফিস কপি।